# ডিসেম্বর/২০১৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ ঃ ৩০ ডিসেম্বর, ২০১৪।
সময় ঃ দুপুর ১১.০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি রূপগঞ্জ ইউনিয়নের নব নির্বাচিত চেয়ারম্যানকে পুন নির্বাচিত হওয়ায় উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানান। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা সভায় জানান যে, রূপগঞ্জের সর্বস্তরের মানুষের চিকিৎসা সেবা দানের জন্য এ্যাম্বুলেন্স মেরামত করা হচ্ছে। গাড়ি মেরামতের সময় উপযুক্ত ব্যক্তিকে দেখভাল করার দায়িত্ব প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ডেন্টাল বিভাগের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় প্রক্রিয়াধীন আছে। | এ্যাম্বুলেন্স মেরামতের সময় উপযুক্ত ব্যক্তিকে দেখভাল করার দায়িত্ব প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা এবং উপজেলা প্রকৌশলী। |
| ২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প.প. কর্মকর্তা |
| ৩ | উপজেলা প্রকৌশলী | পরিশিষ্ট "ক" তে সংযুক্ত | | |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম যথা নিয়মে চলছে। বেলদী বাজারের বীজাগার অবৈধ দখল মুক্ত করায় উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান। সহসাই ঐ স্থানে কৃষি বিভাগের জনবল নিয়োজিত করা হবে। এতে জনগন লাভবান হবে ও কৃষি বিভাগের সম্পদ রক্ষ হবে। কায়েতপাড়া ইউনিয়নের পশ্চিমগাঁও হতে কেওঢালা পর্যন্ত রাস্তায় নির্মানাধীন রাস্তায় সেচ নালা চলমান রেখে প্রকল্প বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। অন্যথায় ৫০ হেক্টর বোরো জমি অনাবাদী থেকে যাবে। সভাপতি কেয়ারিয়া খাল খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ জানান। | সরেজমি পরিদর্শন পূর্বক ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। রূপগঞ্জ উপজেলায় জেলে নিবন্ধন কার্যক্রম চলছে। একাজে দুই জনকে নিয়োজিত করা হয়েছে। নিবন্ধন থেকে কেউ যেন বাদ না পরে সেবিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করে। | যথাযথ ভাবে নিবন্ধন কার্যক্রম চলছে কিনা সে বিষয়ে তাদরকি করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথ চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে উপজেলার ৭টি ইউনিয়নের জন্য ১১০.৭১০ মেটন চাল বরাদ্দ পাওয়া যায়। ১১০.৭১০ মেটন চালের ৭৮টি প্রকল্পের তালিকা এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে উপজেলার ৭টি ইউনিয়নের জন্য ১২৬ মে টন চালের ১৩টি প্রকল্পের তালিকা জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে চুড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসন থেকে অনুমোদন পাওয়ার পর সরকারী নির্দেশনা মোতাবেক বাস্তবায়নের ব্যবস্থা করা হবে। | নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, কিন্ডারগার্টেনসহ শতভাগ প্রাথমিক বিদ্যালয়ে নতুন বছরের বই বিতরন সম্পন্ন হয়েছে। স্থানীয় পৌর মেয়র, কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান, সদস্য,বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট গুনী ব্যক্তিবর্গের উপস্থিতিতে ১ জনুয়ারি, ২০১৫ বই উৎসব পালন করা হবে। | বই উৎসব পালনের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথ চলছে। হাজী নুর উদ্দিন উচ্চ বিদ্যালয়ে ১ জনুয়ারি, ২০১৫ বই উৎসব পালন করা হবে। একই দিনে সকল মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা সমূহে বই উৎসব পালনের নিমিত্ত স্থানীয় পৌর মেয়র, কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান, সদস্য, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট গুনী ব্যক্তিবর্গে কে আমন্ত্রণ জানানোর জন্য অনুরোধ জানানো হয়। | বই উৎসব পালনের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১০ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তররের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, দৃষ্টিহীন ও দৃষ্টি প্রতিবন্ধীদের তালিক প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট দাখিল করা হয়েছে। সভায় বিভিন্ন ভাতাভোগীদের সংখ্যা বাড়ানোর জন্য সংশ্লিষ্ট বিভাগে পত্র দিতে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | ভাতাভোগীদের সংখ্যা বাড়ানোর জন্য সংশ্লিষ্ট বিভাগে পত্র দিতে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাজসেবা কর্মকর্তা। |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তররের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ ও প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১২ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, দাউদপুর ইউনিয়ন পরিষদের মাতৃত্বভাতাভোগী মহিলাদের একাউন্ট এর কার্যাদি সম্পন্ন করা হয়েছে। অন্যান্য ইউনিয়ন পরিষদের ভাতাভোগী মহিলাদের উপস্থিত না পাওয়ায় একাউন্টের কার্যাদি সম্পন্ন করা যায় নাই। এ বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে ভাতাভোগী মহিলা উপস্থিত রেখে একাউন্টের কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | ভাতাভোগী মহিলাদের একাউন্ট খোলার কাজ মনিটরিং করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ জানান। | মহিলা বিষয়ক |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পিআরডিপি-২(অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-২) সরকারের এডিপি ভূক্ত প্রকল্প উক্ত প্রকল্পটি প্রতিটি জেলার একটি উপজেলার ২টি করে ইউনিয়নে চালু আছে। রূপগঞ্জ উপজেলায় উক্ত প্রকল্পটি সম্পর্কে পূর্বে অবহিতকরণ সভা হয়েছে। প্রকল্পটি রূপগঞ্জ উপজেলার ভূলতা ও ভোলাব ইউনিয়নে পরিচালিত হবে বলে ডিআরডিবি সদর দপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কে অনুরোধ জানান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | -- | -- | -- |
| ১৫ | সমবায় | -- | -- | -- |
| ১৬ | খাদ্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, নীতিমালা অনুযায়ী ট্রাকসেল কার্যক্রম চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন | -- | -- | -- |
| ১৮ | এবাএখা | রূপগঞ্জ উপজেলায় একটি বাড়ি একটি খামার প্রকল্পে জুলাই/ ২০১৩ ইং হতে গঠিত ২ (দুই) টি ইউনিয়নের ১৮(আঠার) টি সমিতিতে ডিসেম্বর/১৪ পর্যন্ত শতভাগ সঞ্চয় আদায় হয়েছে। সঞ্চয় আদায়ের পরিমান ১৮X২,১৬,০০০= ৩৮,৮৮,০০০/-(আটত্রিশ লক্ষ আটাশি হাজার) টাকা। উল্লেখ্য যে, অত্র উপজেলায় ৬ টি ইউনিয়নে ৫৪ টি সমিতি হতে সঞ্চয় জমার পরিমাণ ১,৪৩,৮২,০০০/-(এক কোটি তেতাল্লিশ লক্ষ বিরাশি | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। |

পরিশিষ্ট-'ক'

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১- | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, কায়েত পাড়া ইউনিয়ন রামপুর-ভুলতা আরএইচডি রাস্তা হইতে-নাওড়া (বেরাইদ জিসি) রাস্তায় ৩১৫০ মিঃ চেইনেজ বক্স কালভার্ট নির্মান কাজের ৩টি অংশের কাজ বাস্তবায়নের নিমিত্তে চেয়ারম্যান কায়েত পাড়া ইউপি ৭(সাত) সদস্য বিশিষ্ট ৩টি প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং সংশ্লিষ্ট ইউপির দায়িত্বে নিয়োজিত উপ-সহকারী প্রকৌশলী ৩টি অংশের ( ৩.০০x২.০০ লক্ষ )= মোট ৬.০০ (ছয় লক্ষ) টাকার প্রাক্কলন সভায় পেশ করেন (কমিটি সংযোজনী ' ক'তে রক্ষিত প্রকল্পটি উপজেলা উন্নয়ন তহবিল (UDF) হইতে বাস্তবায়নের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন সমূহ এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন করা হয় এবং প্রকল্পটি উপজেলা উন্নয়ন তহবিল (UDF) হইতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, গত ২৮শে অক্টোবর/২০১৪ইং মাসের সাধারন সভায় সিদ্ধান্ত মোতাবেক উপজেলা প্রকৌশলী উন্নয়ন তহবিলের আওতায় ৩টি স্কীমের কাজ বাস্তবায়নের নিমিত্তে RFQ আহবান করা হয়। ২৮/১২/২০১ইং তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক দরপত্র/কোটেশান সমূহ অনুমোদনের জন্য সভায় পেশ করেন। (নিচের সারণি দেখুন) | বিস্তারিত আলোচনান্তে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক সর্বনিম্ন দরদাতাদের অনুকূলে (NOA)/কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| ক্রঃনং | স্কীমের নাম | সর্বনিম্ন দরদাতা | দরপত্র মূল্য |
|---|---|---|---|
| ১ | নগরপারা, পুবের গাঁও, কারীটয়া কলাতলী মাহমুদাবাদ মডেল মঙ্গলখালী, পূর্বগ্রাম, খাদুন হাজী আয়েত আলী এবং রূপগঞ্জ সরঃ প্রাঃ বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ। | মেসার্স দেওয়ান ট্রেডিং | ৯,০০,০০০/- |
| ২ | (ক) আদুরিয়া সরকারী প্রাঃ বিদ্যালয় মেরামত এবং টয়লেট নির্মাণ (খ)পূর্বপাড়া জামে মসজিদে টয়লেট্ নির্মাণ। | মেসার্স ইমতিয়াজ এন্টারপ্রাইজ | ৬,০০,০০০/- |
| ২ | (খ) মুড়াপাড়া বাজারে আভ্যন্তরীন রাস্তা নির্মাণ। | মেসার্স এস আলম ট্রেডার্স | ১০,০০,০০০/- |

সংযোজনী-'ক'

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্প কমিটির সভাপতির নাম | প্রকল্প কমিটির সেক্রেটারীর নাম |
|---|---|---|---|
| ১ | রামপুর-ভুলতা আরএইচডি রাস্তা হইতে-নাওড়া (বেরাইদ জিসি) রাস্তায় ৩১৫০ মিঃ চেইনেজে বক্স কালভার্ট নির্মাণ (১ম অংশ) | মোঃ গোলজার হোসেন<br>চেয়ারম্যান কায়েত পাড়া ইউপি | মোঃ আলতাব হোসেন<br>সদস্য কায়েত পাড়া ইউপি |
| ২ | রামপুর-ভুলতা আরএইচডি রাস্তা হইতে-নাওড়া (বেরাইদ জিসি) রাস্তায় ৩১৫০ মিঃ চেইনেজে বক্স কালভার্ট নির্মাণ (২য় অংশ) | মোঃ আলতাব হোসেন<br>সদস্য কায়েত পাড়া ইউপি | মোঃ মোস্তফা<br>সমাজ সেবক, ররুনা। |
| ৩ | রামপুর-ভুলতা আরএইচডি রাস্তা হইতে-নাওড়া (বেরাইদ জিসি) রাস্তায় ৩১৫০ মিঃ চেইনেজে বক্স কালভার্ট নির্মাণ (৩য় অংশ) | মোঃ আলতাব হোসেন<br>সদস্য কায়েত পাড়া ইউপি | মোঃ মোস্তফা<br>সমাজ সেবক, ররুনা। |

# রূপগঞ্জ উপজেলা পরিষদের প্রকৌশলী বিভাগের জানুয়ারী,২০১৫ মাসের সাধারন সভার কার্যপত্রঃ

| ক্রমিক নং | বিভাগ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা উন্নয়ন তহবিল (UDF) এর আওতায় ১ম পর্যায়ে ১২টি প্যাকেজের মনোনিত ঠিকাদারকে NOA প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উন্নয়ন তহবিল (UDF) এর আওতায় ১ম পর্যায়ে ১২টি প্যাকেজের NOA ইস্যু করা হইয়াছে এবং নির্মাণ কাজ বাস্তবায়ন প্রক্রিয়াধীন। | |
| ২(ক) | উপজেলা প্রকৌশলী বিভাগ | এডিপি প্রকল্পের আওতায় ১৪.৫০ লক্ষ টাকার স্কীম অনুমোদন। | এডিপি প্রকল্পের আওতায় গৃহীত স্কীম সমূহের কাজ বাস্তবায়ন প্রক্রিয়াধীন। | |
| ৩ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা উন্নয়ন তহবিল (UDF) এর আওতায় ৪টি স্কীমের পুনঃ বরাদ্দ অনুমোদন। | অনুমোদিত স্কীম সমূহের কাজ পুনঃ বরাদ্দ মোতাবেক দরপত্র আহবান করা হইয়াছে। | |
| ৪ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় ২টি স্কীম অনুমোদিত। | স্কীম সমুহ বাস্তবায়নের প্রক্রিয়াধীন আছে। | |
| ৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা উন্নয়ন তহবিল (UDF) এর আওতায় ১টি স্কীম অনুমোদিত। | স্কীমটি বাস্তবায়নের প্রক্রিয়াধীন আছে। | |

21/01/15

( মোহাঃ নাশির উদ্দিন)
উপজেলা প্রকৌশলী
রূপগঞ্জ,নারায়ণগঞ্জ ।

D:\Office\Resulation of WS.doc

| | | | | |
|---|---|---|---|---|
| | | হাজার) টাকা। অর্থাৎ সঞ্চয় আদায় ১০০%। | | |
| ১৮ | বিবিধ | উপজেলা পরিষদের মালী নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। | কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহজাহান ভূইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৩৭৪.০০০.১৬.০৯.১৩- ৮০ (৫০) তারিখঃ ২৭.০১.২০১৫ খ্রি.।

**সদয় জ্ঞাতার্থেঃ-**

১। মাননীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

**অবগতি ও কার্যার্থে ঃ**

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২। উপজেলা ......................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান.......................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। জনাব/বেগম................................................................................................।

২৭/০১/২০১৫
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।